

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য ভবন  
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা  
[www.masscommunication.gov.bd](http://www.masscommunication.gov.bd)

নং- ১৫.৫৬.০০০০.০০২.১৬.৯৫.১৫-(পাট-১)/২৭২৬

তারিখ : ০৯.১১.২০২০

বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত অক্টোবর-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে অক্টোবর-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী : জনমত প্রতিবেদন এক প্রস্থ।



০৯/১১/২০

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৮৩০০৬৪০

[dgmasscommunication@yahoo.com](mailto:dgmasscommunication@yahoo.com)

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

✓ ০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (জনমত প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## অক্টোবর-২০২০ (২য় পক্ষ)

### ● জনমত শিরোনাম

— সাম্প্রদায়িক সম্প্রীতি ও আনন্দ-উৎসবের মধ্য দিয়ে শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপিত।

— পদ্মা সেতুর সংযোগ রেলপথের কাজ দ্রুত এগিয়ে যাওয়ায় সন্তোষপ্রকাশ করেছে এলাকাসী

— চাল, আলু, পিঁয়াজসহ নিত্যপণ্যের বাজার লিহতিশীল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা

— আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল। সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে চলমান অভিযান অব্যাহত রাখার ওপর সর্বসাধারণের গুরুত্বারোপ।

*shuly*

☐ সাম্প্রদায়িক সম্প্রীতি ও আনন্দ-উৎসবের মধ্য দিয়ে শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপিত।

● সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব-সার্বজনীন দুর্গাপূজা সারাদেশে ব্যাপক আনন্দ-উৎসবের মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে। পাঁচদিন ধরে চলমান দুর্গোৎসব শেষ হয় বিজয়া দশমী তথা বিসর্জনের মধ্য দিয়ে।

● শারদীয় দুর্গোৎসব উপলক্ষে এবারও সারাদেশে উল্লেখযোগ্য সংখ্যক পূজামন্ডপ স্থাপন করা হয় বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। এসব মন্ডপে শান্তিপূর্ণভাবে ও স্বাস্থ্যবিধি মেনে পূজা অর্চনার জন্য গৃহীত নিরাপত্তা ব্যবস্থা সর্বমহলে প্রশংসিত হয়েছে। দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি সমুন্নত রাখার প্রত্যয়ের মধ্য দিয়ে ঐতিহ্যবাহী দুর্গোৎসব উদ্‌যাপিত হয়েছে বলে জনমতে প্রকাশ।

☐ পদ্মা সেতুর সংযোগ রেলপথের কাজ দ্রুত এগিয়ে যাওয়ায় সন্তোষপ্রকাশ করেছে এলাকাবাসী।

● পদ্মা সেতুর সংযোগ রেলপথের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। সেনাবাহিনীর তত্ত্বাবধানে গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলায় এ কর্মকান্ড পরিচালিত হচ্ছে। কাশিয়ানী হতে মুকসুদপর হয়ে ভাঙ্গার সাথে এই রেলপথ সংযোগ হবে যা পদ্মা সেতুতে গিয়ে সংযুক্ত হবে। এই রেলপথ চালু হলে গোটা দক্ষিণাঞ্চলের সাধারণ জনগণের যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি সাধিত হবে। এর ফলে মানুষের কর্মসংস্থানের পাশাপাশি ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে ব্যাপক প্রসার ঘটবে। রেলপথের কাজের অগ্রগতিতে সাধারণ জনগণ খুব খুশি। তারা সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, সরকারের ধারাবাহিকতার কারণে দেশের প্রত্যেকটি অঞ্চলে উন্নয়নের অগ্রযাত্রা পরিলক্ষিত হচ্ছে।



☐ চাল, আলু, পিঁয়াজসহ নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা।

• চাল, আলু ও পিঁয়াজের মূল্য বেড়েছে। তবে অন্যান্য নিত্যপণ্যের মূল্য স্বাভাবিক রয়েছে এবং স্থিতিশীল। স্থানীয় বাজার তদারকি জোরদার রয়েছে। নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ। ভেজাল, নকল পণ্যের ক্রয়-বিক্রয় যাতে না হয় তার জন্য স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে।

☐ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে চলমান অভিযান অব্যাহত রাখার ওপর সর্বসাধারণের গুরুত্বারোপ।

• আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যকর পদক্ষেপের কারণে সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। জননিরাপত্তা যাতে বিঘ্নিত না হয় সেজন্য প্রয়োজনীয় সকল অভিযানের ধারাবাহিকতা রক্ষার ওপর গুরুত্ব দিয়েছে সাধারণ জনগণ। এছাড়া মাদকের অপব্যবহার প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীর বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত রাখার উপরও গুরুত্ব দিয়েছে জনসাধারণ।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

*shukla*

শুকলা বনিক  
অধ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার